



নির্বাচন সামনে রেখে জোটের আসন বন্টনে ঐকমত্যের পথে: জামায়াত আমির



সংগৃহীত ছবি

আগামী এক থেকে দুই দিনের মধ্যেই ১১ দল নিয়ে গঠিত জোটের নির্বাচনী আসন বন্টন চূড়ান্ত হবে বলে জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

সোমবার ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ তথ্য দেন। তিনি বলেন, দেশের অগ্রগতির জন্য রাজনৈতিক স্থিতিশীলতা জরুরি। জামায়াত সংস্কারের পক্ষে রয়েছে এবং সাধারণ মানুষও পরিবর্তন চায়।

ডা. শফিকুর রহমান আরও জানান, বিচার বিভাগকে পূর্ণ স্বাধীন রাখতে হবে, তবে তার সঙ্গে জবাবদিহিও নিশ্চিত করা প্রয়োজন। জামায়াত ক্ষমতায় এলে শান্তিকামী সব দেশের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখার নীতিতে বিশ্বাসী থাকবে বলেও তিনি উল্লেখ করেন।

নির্বাচনের পরিবেশ প্রসঙ্গে তিনি বলেন, গণমাধ্যম যেন কোনো দলের মুখপাত্রের পরিণত না হয়। একই সঙ্গে সব দলের জন্য সমান সুযোগ নিশ্চিত করার দাবি জানান তিনি।